



দুল্লভ ও অপ্রচলিত মুদ্রার সংরক্ষণে গঠন করা হচ্ছে টাকার জাদুঘর

ইত্তেফাক রিপোর্ট

প্রাচীন যুগ থেকে শুরু করে এ পর্যন্ত বিশ্বের বিভিন্ন দেশে বিভিন্ন ধরনের কড়ি, মুদ্রা ও কাগজী নোটের প্রচলন হয়েছে। কাদের বিবর্তনে এসব অনেক কড়ি, ও মুদ্রা হারিয়ে গেছে। হারিয়ে যাওয়া ও দুল্লভ এসব মুদ্রার সাথে জড়িয়ে আছে বিভিন্ন জাতির ইতিহাস ও ঐতিহ্য। পরবর্তী প্রজন্মের জন্য এসব অপ্রচলিত ও দুল্লভ মুদ্রা সংরক্ষণ ও প্রদর্শনের জন্য রাজধানীর মিরপুরে বাংলাদেশ ব্যাংক ট্রেনিং একাডেমী চত্বরে চালু হচ্ছে একটি জাদুঘর। 'টাকার জাদুঘর' নামে এ জাদুঘরে স্থান পাবে বাংলাদেশসহ বিশ্বের প্রায় সব দেশের মুদ্রা ও ব্যাংক নোট। বাংলাদেশ ব্যাংকের কারেলি মিউজিয়ামকে বৃহত্তর আঙ্গিকে গঠন করা হবে এ জাদুঘরকে। জাদুঘরটিকে সমৃদ্ধ করতে বাংলাদেশ ব্যাংক বর্তমানে অপ্রচলিত মুদ্রা ও কাগজী নোট সংগ্রহ করার জোর প্রচেষ্টা চালাচ্ছে। আগামী ১৬ ডিসেম্বরের আগেই এই জাদুঘর জনগণের জন্য খুলে দেয়ার প্রস্তুতি চলছে বলে জানা গেছে।

কেন্দ্রীয় ব্যাংকের মুদ্রা ব্যবস্থাপনা বিভাগ সূত্রে জানা গেছে, বিভিন্ন দেশের বিভিন্ন ধরনের হাজার রকমের মুদ্রা ও কাগজে নোট স্থান পাবে এই জাদুঘরে। প্রাচীন যুগ থেকে শুরু করে পাল বংশ,

সেন বংশ, গুপ্তযুগ, সুলতানি ও মোগল আমলের মুদ্রা এবং কাগজে নোটও থাকবে এখানে। ইতিহাসের নিদর্শনমূলক এ জাদুঘরে থাকবে ব্রিটিশ, পাকিস্তান ও স্বাধীন বাংলাদেশের মুদ্রা-কাগজে নোটও।

টাকার জাদুঘর প্রসঙ্গে বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান বলেন, মুদ্রা একটি রাষ্ট্রের সার্বভৌমত্ব ও অর্থনৈতিক সমৃদ্ধির প্রতীক। বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের সামনে ইতিহাস-ঐতিহ্য তুলে ধরতে ইতিহাসের সাক্ষী এসব মুদ্রা ও কাগজী নোটের সংগ্রহে গঠন করা হচ্ছে জাদুঘরটি। তিনি বলেন, ২০০৯ সালের প্রারম্ভে বাংলাদেশ ব্যাংক স্বল্প আয়তনের কারেসী মিউজিয়াম প্রতিষ্ঠা করা হয়, যেখানে বিশ্বের সব দেশেরই মুদ্রা ও নোট প্রদর্শিত হচ্ছে। এটাকেই বড় আকারে পুনর্গঠন করে টাকার জাদুঘর হিসেবে চালু করার উদ্যোগ নেয়া হয়েছে। দেশের সনামথন্য শিল্পী, স্থপতি, ইতিহাসবিদ এ জাদুঘর নির্মাণে বাংলাদেশ ব্যাংকের সঙ্গে একযোগে কাজ করছেন। কেন্দ্রীয় ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান আরও বলেন, এই জাদুঘরকে সমৃদ্ধ করতে আমরা বিভিন্নভাবে দেশি-বিদেশি মুদ্রা ও কাগজী নোট সংগ্রহ করছি। দেশবাসী এ জাদুঘরে তাদের সংগ্রহে থাকা দুল্লভ মুদ্রা বা কাগজী নোট অনুদান বা বিনিময় মূল্যের বিনিময়ে প্রদান করতে পারেন।